



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



পত্র নং : ৮৮/উ:মা:পরী:/৭৯/১১৪৫

তারিখ : ১৩/১০/২০২২


বিষয় : ২০২২ সালের এইচএসসি পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও শান্তিপূর্ণ পরিবেশে গ্রহণের লক্ষ্যে মতবিনিময় সভায় উপস্থিত হওয়া প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০২২ সালের এইচএসসি পরীক্ষা নকলমুক্ত, সুষ্ঠু, সুন্দর ও শান্তিপূর্ণ পরিবেশে গ্রহণের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকায় এক মতবিনিময় সভা আগামী ২২/১০/২০২২ তারিখ ও ২৩/১০/২০২২ তারিখে সকাল ১১ টায় ঢাকা শিক্ষা বোর্ডের ৪ নং ভবনের ৭ম তলার মিলনায়তনে অনুষ্ঠিত হবে। মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন অত্র বোর্ডের সম্মানিত চেয়ারম্যান প্রফেসর তপন কুমার সরকার। উক্ত সভায় বোর্ডের আওতাধীন এইচএসসি পরীক্ষা ২০২২ এর সকল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, উক্ত সভায় ভারপ্রাপ্ত কর্মকর্তার পরিবর্তে কোন প্রতিনিধি প্রেরণ না করার জন্য বলা হলো।

ক্রমিক নং	জেলা নাম	তারিখ ও সময়
০১	ঢাকা মহানগর ও ঢাকা জেলা, গাজীপুর, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ এবং মানিকগঞ্জ	২২-১০-২০২২, শনিবার সকাল ১১.০০ টা
০২	নরসিংদী, টাংগাইল, ফরিদপুর, মাদারীপুর, শরীয়তপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, ও কিশোরগঞ্জ জেলা	২৩-১০-২০২২, রবিবার সকাল ১১.০০ টা

বিষয়টি অতীব জরুরি।


১৬.১০.২২

প্রফেসর মোঃ আবুল বাশার

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৬৯৮১৫

৮.১০.২২
২৬/১০/২২

প্রাপক : ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন ২০২২ সালের এইচএসসি পরীক্ষার সকল কেন্দ্র।

জ্ঞাতার্থে

- (১) সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (২) জেলা প্রশাসক, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
- (৩) উপজেলা নির্বাহী অফিসার, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন জেলার সকল উপজেলা।
- (৪) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- (৫) অফিস কপি